



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তির সংশোধনী

নং-৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১.১৮-২৩১

তারিখ : ২১ কার্তিক ১৪২৫
০৫ নভেম্বর ২০১৮

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নন-ক্যাডার বিভিন্ন গ্রেডের পদে সরাসরি নিয়োগের জন্য সরকারী কর্ম কমিশন কর্তৃক গত ০৯.০৯.২০১৮ তারিখে ৮০.০০.০০০০.৩০১.০৭৩.০১.২০১৮-১৯২ নম্বর স্মারকে জারীকৃত ৬৮-৮২ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তির ৭১ নম্বর ক্রমিকের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর [সাধারণ, ৯ম গ্রেড] পদটি বিজ্ঞপ্তির নির্দেশাবলির ০২ নম্বর অনুচ্ছেদে নন-টেকনিক্যাল হিসেবে উল্লেখ করা হয়েছে। প্রকৃতপক্ষে উক্ত পদটি টেকনিক্যাল পদ হিসেবে গণ্য হবে। তদনুযায়ী উল্লিখিত টেকনিক্যাল পদে অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীদের টেকনিক্যাল পদের জন্য প্রযোজ্য বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-২০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয় হিসেবে বি.এড/এম.এড বিষয়ে ৪০ নম্বরসহ সর্বমোট ১০০ নম্বরের ১ ঘণ্টার MCQ Type বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয় হিসেবে বি.এড/এম.এড বিষয়ে ৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বিজ্ঞপ্তির অন্যান্য সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

[আ.ই.ম নেহার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]